Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 29 April, 2025

ময়মনসিংহের ত্রিশাল উপজেলায় বিভিন্ন উন্নয়ন প্রকল্পে দুর্নীতির তথ্য পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)।উপজেলার সড়ক, ব্রিজ ও কালভার্ট নির্মাণকাজের সরেজমিন পরিদর্শনে এসব দুর্নীতির চিত্র উঠে আসে বলে জানিয়েছে সংস্থাটি।

মঙ্গলবার (২৯ এপ্রিল) সকাল থেকে দিনভর উপজেলার বিভিন্ন এলাকা ঘুরে প্রকল্পগুলোর কাজ খতিয়ে দেখে দুদক এনফোর্সমেন্ট টিমের তিন সদস্যের একটি দল।এর আগে সকাল ১০টায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) ত্রিশাল কার্যালয়ে অভিযান চালায় দুদক টিম।এ সময় উন্নয়ন প্রকল্পের বিভিন্ন নথিপত্র পর্যালোচনা করে তা সংরক্ষণ করা হয়।

পরে মোক্ষপুর, পোড়াবাড়ীসহ উপজেলার বিভিন্ন এলাকায় সরেজমিনে গিয়ে সড়ক, ব্রিজ ও কালভার্ট নির্মাণকাজ পরিদর্শন করে নমুনা সংগ্রহ করা হয়।

এনফোর্সমেন্ট টিমের নেতৃত্ব দেন দুদকের ময়মনসিংহ কার্যালয়ের সহকারী পরিচালক (ডিডি) রাজু মো. সারোয়ার হোসেন।টিমের অন্য সদস্যরা ছিলেন উপসহকারী পরিচালক (ডিএডি) মো. রেজোয়ান আহম্মেদ এবং মো. ইব্রাহীম খলিল।

সহকারী পরিচালক রাজু মো. সারোয়ার হোসেন বলেন, “সরকারের উন্নয়ন প্রকল্পে অনিয়ম ও দুর্নীতির অনুসন্ধানে আমরা বিভিন্ন ইউনিয়নে সরেজমিনে কাজ করছি।বেশ কিছু প্রকল্পের কাজ খতিয়ে দেখে নমুনা সংগ্রহ এবং সংশ্লিষ্ট নথিপত্র সংরক্ষণ করা হয়েছে।পরবর্তীতে তদন্ত শেষে বিস্তারিত জানানো হবে।”

প্রকল্প দুদক,এলজিইডি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 13:19

URL: https://timestodaybd.com/mymensingh/7758071623